



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশা/সিরাজগঞ্জ-৬১/ ১৩

তারিখ: ২৭ বৈশাখ ১৪৩০
১০ মে ২০২৩

বিষয় : সুপার জনাব মো: দলিলুর রহমান মুক্তা স্বপদে দায়িত্ব পালন করা ও ম্যানেজিং কমিটি ভেঙ্গে দেওয়া বিষয়ে কারণ দর্শানো প্রসঙ্গে

সূত্র : ১। বামাশিবো/প্রশা/২২৪২২১২৮৫১৯১/৬৬৪১০/নথি নং - তারিখ: ০৭-০৭-২০২২ খ্রি:।
২। বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের স্মারক নং-বামাশিবো/প্রশা/সিরাজগঞ্জ-৬১/৪৯; তারিখ: ২৯/১২/২০২২ খ্রি:;
৩। উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের স্মারক নং-০৫.৪৩.৮৮৮৯.০০০.০৯.০০৪.২৩-৩৫৪ তারিখ: ২৮/০৩/২০২৩ খ্রি:;

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, সিরাজগঞ্জ জেলার তাড়াশ উপজেলাধীন রোকনপুর ইসলামিয়া দাখিল মাদ্রাসার ম্যানেজিং কমিটির সভাপতির বিরুদ্ধে সুপার কর্তৃক অভিযোগ দাখিল করা হয়েছে। অভিযোগসহ সার্বিক বিষয়ে সরেজমিনে তদন্ত পূর্বক মতামতসহ সূত্রোক্ত ২ নং স্মারক পত্রের প্রেক্ষিতে সূত্রোক্ত ৩ নং স্মারকে উপজেলা নির্বাহী অফিসার, তাড়াশ, সিরাজগঞ্জ কর্তৃক প্রতিবেদন প্রেরণ করা হয়েছে। দাখিলকৃত তদন্ত প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায়, ম্যানেজিং কমিটির সভাপতি জনাব মো: আলামিন কাওছার প্রতিষ্ঠানের প্রত্যয়নকৃত রেজুলেশন খাতা ছাড়া বাহির থেকে রেজুলেশন খাতা ক্রয় করে সদস্যদের স্বাক্ষর নিয়েছেন এবং শিক্ষকদের হাজিরা খাতা নিজ বাড়ীতে রেখেছেন। অপরদিকে, মাদ্রাসার সুপারকে অপারেশন ও চিকিৎসাকালীন অবস্থায় অবৈধ ভাবে অনুপস্থিত দেখিয়ে বেতন-বিল জমা দিয়েছেন এবং পরবর্তীতে অন্যায়ভাবে সাময়িক বরখাস্ত করে বেতন-ভাতা সম্পূর্ণ বন্ধ করেছেন। তদুপরি সুপারকে মানসিক ভাবে নির্যাতন ও সামাজিক ভাবে হেয় করেছেন।

বর্ণিত অবস্থায় (১) তদন্তকারী কর্মকর্তা উপজেলা নির্বাহী অফিসার, তাড়াশ, সিরাজগঞ্জ এর মতামত অনুযায়ী সাময়িক বরখাস্ত বিধি বহির্ভূত হওয়ায় পত্র জারির পর থেকে মাদ্রাসার সুপার জনাব মো: দলিলুর রহমান মুক্তা স্বপদে দায়িত্ব পালন করবেন; (২) ম্যানেজিং কমিটির সভাপতি কর্তৃক বিধি বহির্ভূত কর্মকান্ড করায় এবং সদস্যবৃন্দ অকার্যকর হওয়ায় সূত্রোক্ত ১নং স্মারকে অনুমোদিত ম্যানেজিং কমিটি কেন ভেঙ্গে দেয়া হবেনা তার সন্তোষজনক জবাব ১০ (দশ) দিনের মধ্যে নিম্ন স্বাক্ষরকারী বরাবর প্রেরণ করার জন্য সভাপতি, সদস্যবৃন্দ ও ভারপ্রাপ্ত সুপারকে অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে


২০.০৫.২৩

প্রফেসর মোঃ সিদ্দিকুর রহমান
রেজিস্ট্রার
ফোনঃ ৯৬১২৮৫৮

ই-মেইল: registrar@bmeb.gov.bd
২০/০৫/২৩

- ১। সভাপতি ও সদস্যবৃন্দ, ম্যানেজিং কমিটি, রোকনপুর ইসলামিয়া দাখিল মাদ্রাসা;
- ২। জনাব মো: দলিলুর রহমান মুক্তা, সুপার, রোকনপুর ইসলামিয়া দাখিল মাদ্রাসা;
- ৩। ভারপ্রাপ্ত সুপার, রোকনপুর ইসলামিয়া দাখিল মাদ্রাসা; পো: কুন্দাশন, তাড়াশ, সিরাজগঞ্জ।

নং-বামাশিবো/প্রশা/সিরাজগঞ্জ-৬১/ ১৩

তারিখ: ২৭ বৈশাখ ১৪৩০
১০ মে ২০২৩

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জেলা প্রশাসক, সিরাজগঞ্জ;
২. জেলা শিক্ষা অফিসার, সিরাজগঞ্জ;
৩. উপজেলা নির্বাহী অফিসার, তাড়াশ, সিরাজগঞ্জ;
৪. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, তাড়াশ, সিরাজগঞ্জ;
৫. পি ও টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৬. অফিস কপি।


২০/৫/২৩

মোঃ ওমর ফারুক
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
ফোনঃ ৯৬৭৪৮৭৪

ই-মেইল: dradmin@bmeb.gov.bd
২০/০৫/২৩